**(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

স্মারক নম্বর- ৪১.০০.০০০০.০২৩.৩২.০০৮.২১.৫৩

তারিখ ১১ আষাঢ় ১৪৩২ / ২৫ জুন ২০২৫

**বিষয়: "প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম" শীর্ষক সমন্বিত নীতিমালা-২০২৫।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি বিষয়ক ২টি কার্যক্রম একীভূত করে **"প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম"** শীর্ষক সমন্বিত নীতিমালা-২০২৫ জারি করা হলো।

০২। এ বিষয়ে মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্তি: বর্ণনামতে ২৪ (চব্বিশ) পৃষ্ঠা।

২৫/৭/২০২৫

(মোঃ বরকাতুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫১১০০৫
E-mail:sss@msw.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য সেবা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
৭. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, আব্দুল গণি রোড, ঢাকা
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৪. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. যুগ্মসচিব, (কার্যক্রম) এর ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৬. অফিস কপি।

CamScanner

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম

**সমন্বিত নীতিমালা-২০২৫**

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**২০২৫**

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম

## মুখবন্ধ

প্রতিবন্ধিতা মানব বৈচিত্র্যের উল্লেখযোগ্য অংশ বিশেষ। বাংলাদেশের মোট জনসংখ্যার একটি উল্লেখযোগ্য অংশ প্রতিবন্ধী। প্রতিবন্ধী শিশুর বাবা-মা তাদের ভবিষ্যৎ নিয়ে উদগ্রীব। তাদের সার্বিক উন্নয়ন ও অধিকার সংরক্ষণসহ সামাজিক নিরাপত্তা প্রদানের লক্ষ্যে সরকার বিগত ২০০৫-২০০৬ অর্থবছর হতে প্রতিবন্ধী ভাতা এবং ২০০৭-২০০৮ অর্থবছর হতে প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কার্যক্রম প্রবর্তন করে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তিদের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার মূলধারায় অর্ন্তভুক্তির মাধ্যমে সমৃদ্ধ সমাজ গঠনের লক্ষ্যে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ও শিক্ষা সহায়ক উপকরণ প্রদান, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে বিনা মূল্যে থেরাপি সেবা, ভ্রাম্যমাণ ওয়ানস্টপ থেরাপি সার্ভিস, অটিজম রিসোর্স সেন্টার এর মাধ্যমে কাউন্সেলিং সেবা, অটিজম ও এনডিডি কর্নার সেবা, স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম স্কুল কার্যক্রম পরিচালনা, প্রতিবন্ধী কর্মজীবী হোস্টেল কার্যক্রম, অভিভাবকহীন শিশু নিবাস কার্যক্রম, প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্য প্রতিবন্ধী ক্রীড়া কমপ্লেক্স নির্মাণসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করেছে।

প্রতিবন্ধী জনগোষ্ঠীকে সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করে সমৃদ্ধ সমাজ বিনির্মাণের জন্য ইতোপূর্বে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন নীতিমালা, ২০১৩ ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি বাস্তবায়ন নীতিমালা, ২০১৩ প্রণয়ন করা হয়। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ (National Social Security Strategy -NSSS) অনুযায়ী সমজাতীয় ক্ষুদ্র বিভিন্ন কর্মসূচি একীভূত করার নির্দেশনা থাকায় উক্ত নীতিমালা দুটি একীভূত করে "প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম" শীর্ষক শিরোনামে সমন্বিত নীতিমালা, ২০২৫ প্রণয়ন করা হয়েছে।

"প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম" শীর্ষক শিরোনামে সমন্বিত নীতিমালা, ২০২৫ কার্যকরের মধ্যদিয়ে প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখা সম্ভব হবে। এ সমন্বিত নীতিমালা অনুসরণে কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলে অর্পিত দায়িত্ব নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পালন করতে সক্ষম হবেন মর্মে আমার বিশ্বাস। সমন্বিত নীতিমালা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ।

(ড. মোঃ মহিউদ্দিন)
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

# List of Abbreviation

(১) **"DDO" অর্থ** Drawing and Disbursing Officer;
(২) **"DIS" অর্থ** Disability Information System;
(৩) **"EFT" অর্থ** কার্যক্রমের আওতায় Electronic Fund Transfer;
(৪) **"G2P" অর্থ** Government to Person;
(৫) **"MIS" অর্থ** Management Information System;
(৬) **"NSSS" অর্থ** National Social Security Strategy;
(৭) **"SMS" অর্থ** Short Message Service;
(৮) **"PMT" অর্থ** Proxy Means Test.
(৯) **"NID" অর্থ** National Identity Card.
(১০) **"API" অর্থ** Application Programing Interface.

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

## সূচিপত্র


| অনুচ্ছেদ | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | পটভূমি | ১ |
| ২. | শিরোনাম | ২ |
| ৩. | সংজ্ঞা | ২ |
| ৪. | লক্ষ্য ও উদ্দেশ্য | ৩ |
| ৫. | কার্যক্রম বাস্তবায়ন কৌশল | ৩ |
| ৬. | কার্যক্রমের পরিধি | ৩ |
| ৭. | শিক্ষার স্তর | ৩ |
| ৮. | তথ্য ভান্ডার ও ব্যবস্থাপনা | ৩ |
| ৯. | সুবিধাভোগী নির্বাচনের মানদন্ড | ৩ |
| ১০. | প্রচার-প্রচারণা | ৩ |
| ১১. | আবেদন গ্রহণ | ৩ |
| ১২. | বাছাই পদ্ধতি | ৩-৪ |
| ১৩. | MIS–এ তথ্য সন্নিবেশন | ৪ |
| ১৪. | নির্ধারিত সময়সীমা | ৪ |
| ১৫. | শিক্ষা উপবৃত্তি স্থানান্তর ও স্তর পরিবর্তন | ৫ |
| ১৬. | যে কারনে ভাতা শিক্ষা উপবৃত্তি বাতিল করা যাবে | ৫ |
| ১৭. | পরিশোধ পদ্ধতি | ৫ |
| ১৮. | সুবিধাভোগীর অর্থ নগদায়ন | ৬ |
| ১৯. | প্রতিস্থাপন পদ্ধতি | ৬ |
| ২০. | হিসাব নম্বর পরিবর্তন | ৬ |
| ২১. | তথ্য-উপাত্ত ও সুবিধাভোগীর সংখ্যা সংরক্ষণ | ৬-৭ |
| ২২. | ইউনিয়ন কমিটি | ৭ |
| ২৩. | উপজেলা কমিটি | ৭ |
| ২৪. | পৌরসভা কমিটি | ৮ |
| ২৫. | সিটি কর্পোরেশন কমিটি | ৮ |
| ২৬. | জেলা সমন্বয় কমিটি | ৯ |
| ২৭. | জাতীয় স্টিয়ারিং কমিটি | ৯ |
| ২৮. | পরিবীক্ষণ ও মূল্যায়ণ | ১০ |
| ২৯. | কমিটি'র নির্দেশনা বাস্তবায়ন | ১০ |
| ৩০. | নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা | ১০ |
| ৩১. | পরিশিষ্ট (ক-ঢ) | ১১-২১ |


মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম

**পটভূমি:**

প্রতিবন্ধী জনগোষ্ঠী সমাজের অবিচ্ছেদ্য অংশ। সভ্যতার ক্রমবিকাশের সাথে সাথে প্রতিবন্ধী জনগোষ্ঠীর প্রতি পরিবার, সমাজ ও রাষ্ট্রের দৃষ্টিভঙ্গির ব্যাপক পরিবর্তন ঘটেছে। বাংলাদেশ প্রতিবন্ধী ব্যক্তির উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণে অঙ্গীকারাবদ্ধ। সরকার প্রতিবন্ধী জনগোষ্ঠীর অধিকার সংরক্ষণ ও উন্নয়ন নিশ্চিতকরণে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। জাতিসংঘের সাধারণ পরিষদের ৬১তম অধিবেশনে প্রতিবন্ধীব্যক্তির অধিকার সনদ অনুমোদিত হয়, যা ৩রা মে, ২০০৮ থেকে আন্তর্জাতিক মানবাধিকার দলিল হিসেবে কার্যকর করা হয়েছে। জাতিসংঘের সদস্য রাষ্ট্র হিসেবে বাংলাদেশ উক্ত সনদের ঐচ্ছিক প্রতিপালনীয় বিধি-বিধানে স্বাক্ষর এবং অনুসমর্থন প্রদান করেছে।

বাংলাদেশ সংবিধান-এর ১৫, ১৭, ২০ ও ২৯ অনুচ্ছেদে প্রতিবন্ধী ব্যক্তির সমসুযোগ ও অধিকারের অঙ্গীকার করা হয়েছে। বাংলাদেশ সংবিধানের মৌলিক প্রয়োজনের ব্যবস্থা সংক্রান্ত ১৫(ঘ) অনুচ্ছেদে সামাজিক নিরাপত্তার অধিকার সম্পর্কে উল্লেখ করা হয়েছে **"সামাজিক নিরাপত্তার অধিকার, অর্থাৎ বেকারত্ব, ব্যাধি বা পঙ্গুত্বজনিত কিংবা বৈধব্য, মাতৃ-পিতৃহীনতা বা বার্ধক্যজনিত কিংবা অনুরূপ অন্যান্য পরিস্থিতিজনিত আয়ত্তাতীত কারণে অভাব গ্রস্ততার ক্ষেত্রে সরকারী সাহায্যলাভের অধিকার"**-এ সাংবিধানিক বাধ্যবাধকতার অংশ হিসেবে বাংলাদেশ সরকার সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এর অধীনস্থ সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে।

সমাজকল্যাণ মন্ত্রণালয় প্রতিবন্ধী জনগোষ্ঠীর সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ মন্ত্রণালয়ের অনুন্নয়ন বাজেট থেকে অর্থায়নকৃত উন্নয়ন কার্যক্রমের আওতায় ২০০৫-২০০৬ অর্থবছর হতে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রতিবন্ধী ভাতা এবং ২০০৭-২০০৮ অর্থবছর হতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি প্রদান কার্যক্রম প্রবর্তন করে, যা সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ (National Social Security Strategy -NSSS) এর সুপারিশ অনুযায়ী ২টি কার্যক্রম একীভূত করে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য একটি যুগোপযোগী সমন্বিত নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

২. **শিরোনাম:** এই নীতিমালা ““প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম” শীর্ষক শিরোনামে অভিহিত হবে।

**৩. সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এই নীতিমালায়-**

(১) **“অধিদপ্তর” অর্থ** সমাজসেবা অধিদপ্তর;

(২) **“ই-বিল” অর্থ** কার্যক্রমের আওতায় ইলেক্ট্রনিক উপায়ে দাখিলকৃত বিল;

(৩) **“কমিটি” অর্থ** কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত এই নীতিমালায় অন্তর্ভুক্ত যে কোনো কমিটি;

(৪) **“কার্যক্রম” অর্থ** সরকারের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি প্রদান কার্যক্রম;

(৫) **“কার্ড” অর্থ** কার্যক্রমের আওতায় সুবিধাভোগীর অনুকূলে ইস্যুকৃত পরিচয়পত্র;

(৬) **“কিস্তি” অর্থ** সুবিধাভোগীর অনুকূলে নির্দিষ্ট সময় অন্তর প্রদত্ত আর্থিক সুবিধা;

(৭) **“তথ্যভান্ডার কর্তৃপক্ষ” অর্থ** পরিচয়পত্র প্রদানকারী বা সংরক্ষণকারী কোনো প্রতিষ্ঠান অথবা কর্তৃপক্ষ;

(৮) **“নিবন্ধিত ব্যক্তি” অর্থ** Disability Information System (DIS) -এ নিবন্ধিত কোনো প্রতিবন্ধীব্যক্তি;

(৯) **“পরিচয়পত্র” অর্থ** উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ বা প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র;

(১০) **“পে-রোল” অর্থ** কার্যক্রমের আওতায় আর্থিক সহায়তা প্রদানের নিমিত্ত সফটওয়্যারের মাধ্যমে সুবিধাভোগীর তথ্য প্রেরণ প্রক্রিয়া;

(১১) **“পেমেন্ট পদ্ধতি” অর্থ** কার্যক্রমের আওতায় সুবিধাভোগীর নিকট আর্থিক সহায়তা প্রেরণ পদ্ধতি;

(১২) **“প্রতিবন্ধীব্যক্তি” অর্থ** প্রতিবন্ধীব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ধারা ২ উপধারা (১০) অনুযায়ী যে কোনো ধরনের প্রতিবন্ধিতা সম্পন্ন ব্যক্তি;

(১৩) **“প্রতিবন্ধিতার ধরণ” অর্থ** প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ধারা ৩ অনুযায়ী প্রতিবন্ধিতার ধরণসমূহ;

(১৪) **“বাস্তবায়নকারী কর্তৃপক্ষ” অর্থ** সমাজসেবা অধিদপ্তর ও আওতাধীন কার্যালয়সমূহ;

(১৫) **“মন্ত্রিসভা কমিটি” অর্থ** সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;

(১৬) **“মহাপরিচালক” অর্থ** সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক;

(১৭) **“শিক্ষা প্রতিষ্ঠান” অর্থ** সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, মহাবিদ্যালয় ও সমমান মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, পাবলিক বিশ্ববিদ্যালয় বা স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান;

(১৮) **“শিক্ষার স্তর” অর্থ** এই নীতিমালার অনুচ্ছেদ-৭ এ বর্ণিত শিক্ষার ধাপ;

(১৯) **“সফটওয়্যার” অর্থ** কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কোনো সফটওয়্যার;

(২০) **“হিসাব” অর্থ** এ কার্যক্রমের আওতায় প্রদত্ত আর্থিক সহায়তা গ্রহণের জন্য সুবিধাভোগীর অনুকূলে খোলা কোনো মোবাইল হিসাব নম্বর অথবা ব্যাংক হিসাব নম্বর;

(২১) **“সুবিধা” অর্থ** সরকার কর্তৃক নির্ধারিত হারে প্রদত্ত প্রতিবন্ধী ভাতা অথবা শিক্ষা উপবৃত্তি;

(২২) **“সুবিধাভোগী” অর্থ** কার্যক্রমের আওতায় প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত কোনো প্রতিবন্ধীব্যক্তি।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

৪. **লক্ষ্য ও উদ্দেশ্য:**

(ক) প্রতিবন্ধী ব্যক্তির সামাজিক সুরক্ষা, কল্যাণ ও উন্নয়ন;

(খ) প্রতিবন্ধী ব্যক্তিকে আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে পারিবারিক ও সামাজিক মর্যাদা বৃদ্ধি;

(গ) প্রতিবন্ধী ব্যক্তির চিকিৎসা সহায়তা প্রদান;

(ঘ) প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন ও সমাজের মূল স্রোতধারায় আনয়ন;

(ঙ) প্রতিবন্ধী ব্যক্তির আর্থ-সামাজিক উন্নয়ন।

৫. **কার্যক্রম বাস্তবায়ন কৌশল:**

DIS এ অন্তর্ভুক্ত সকল প্রতিবন্ধীব্যক্তি ভাতা প্রাপ্য হবেন। তবে, ভাতাপ্রাপ্ত কোনো প্রতিবন্ধী শিক্ষার্থী শিক্ষা উপবৃত্তি গ্রহণের ক্ষেত্রে স্তরভিত্তিক নির্ধারিত শিক্ষা উপবৃত্তি ও ভাতার অর্থের ব্যবধানের সমপরিমাণ অর্থ অতিরিক্ত হিসাবে ভাতার সাথে প্রাপ্য হবেন। এ ক্ষেত্রে সুবিধাভোগীর আবেদন গ্রহণ, যাচাই-বাছাই, সহায়তা প্রদান ও অভিযোগ-প্রতিকার ব্যবস্থাপনা ডিজিটাল পদ্ধতিতে সম্পাদিত হবে। ভাতা ও শিক্ষা উপবৃত্তির হার সরকার কর্তৃক নির্ধারণ হবে।

৬. **কার্যক্রমের পরিধি:**

সমগ্র বাংলাদেশ অর্থাৎ দেশের ৬৪ টি জেলার সকল শ্রেণীর পৌরসভা ও পল্লী এলাকার ইউনিয়নের ওয়ার্ড এবং সিটি কর্পোরেশনের থানাসমূহে Disability Information System (DIS) এ অন্তর্ভুক্ত সকল প্রতিবন্ধীব্যক্তি এবং সরকার কর্তৃক স্বীকৃত সকল ধরণের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রতিবন্ধী শিক্ষার্থীগণ প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের আওতাভুক্ত হবেন।

৭. **শিক্ষার স্তর:** শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীগণ নিম্নোক্ত ৪ (চার)টি স্তরে বিন্যস্ত হবে-

(ক) প্রাথমিক: শিশু শ্রেণি হতে ৫ম/ সমমান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী;

(খ) মাধ্যমিক: ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি/ সমমান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী;

(গ) উচ্চমাধ্যমিক: একাদশ হতে দ্বাদশ/ সমমান শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত শিক্ষার্থী;

(ঘ) উচ্চতর: স্নাতক হতে স্নাতকোত্তর/ সমমান শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থী।

৮. **তথ্য ভান্ডার ও ব্যবস্থাপনা:**

সমাজসেবা অধিদপ্তর নিজস্ব MIS-এর মাধ্যমে সুবিধাভোগীর তথ্য ভান্ডার তৈরি করবে এবং কিস্তিভিত্তিক তালিকার সফটকপি ও হার্ডকপি সংশ্লিষ্ট অফিস সংরক্ষণ করবে। প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য তথ্য ভান্ডার সংশ্লিষ্ট কার্যালয়ের সাথে সমঝোতার ভিত্তিতে তৈরির কার্যক্রম গ্রহণ করা হবে।

৯. **সুবিধাভোগী নির্বাচনের মানদন্ড:**

(ক) বাংলাদেশের স্থায়ী নাগরিক ও সংশ্লিষ্ট এলাকার বাসিন্দা হতে হবে;

(খ) জাতীয় পরিচয়পত্র, ক্ষেত্রমত, জন্ম নিবন্ধনধারী হতে হবে;

(গ) DIS এ অন্তর্ভুক্ত হয়ে প্রতিবন্ধী পরিচয়পত্রধারী হতে হবে;

(ঘ) প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র থাকতে হবে।

১০. **প্রচার-প্রচারণা:**

(ক) সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে বিজ্ঞপ্তি জারির পাশাপাশি সংশ্লিষ্ট কমিটি, জনপ্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও জনসাধারণকে সম্পৃক্ত করে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) সভা, সেমিনার, উঠান বৈঠক, মাইকিং, সামাজিক যোগাযোগ মাধ্যম ও ইলেকট্রনিক-প্রিন্ট মিডিয়া ইত্যাদির মাধ্যমে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে আইসিটি বিষয়ক বিধি বিধান যথাযথ ভাবে অনুসরণ করতে হবে।

১১. **আবেদন গ্রহণ:**

কোনো প্রতিবন্ধীব্যক্তি অথবা তার প্রতিনিধি সংশ্লিষ্ট সফটওয়ার ব্যবহার করে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে সমাজসেবা অফিসার বরাবর আবেদন করবেন। তবে, যে সকল প্রতিবন্ধীব্যক্তি অনলাইনে আবদন করতে সমস্যার সম্মুখীন হবেন স্থানীয় সমাজসেবা কার্যালয় কর্তৃপক্ষ তাদেরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

১২. **বাছাই পদ্ধতি:**

**উপজেলা এলাকা:**

(ক) উপজেলা সমাজসেবা অফিসার প্রাপ্ত আবেদনসমূহ ইউনিয়ন কমিটির নিকট প্রেরণ করবেন;

(খ) ইউনিয়ন কমিটি প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালার আলোকে যাচাই-বাছাইপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে তথ্য উপাত্তসহ যোগ্য ও অযোগ্য আবেদনকারীর তালিকা প্রস্তুতপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটির নিকট প্রেরণ করবে;

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner


(গ) উপজেলা কমিটি, ইউনিয়ন কমিটি থেকে প্রাপ্ততালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদানের জন্য চূড়ান্ত তালিকা ও একটি অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা প্রণয়ন করবে। একইসাথে বাতিলকৃত আবেদনসমূহের তালিকা প্রস্তুতকরে সংশ্লিষ্ট সকলকে বাতিলের কারণ অবহিত করবে;

(ঘ) ইউনিয়ন কমিটি নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রেরণে ব্যর্থ বা অসমর্থ হলে, উপজেলা কমিটি যাবতীয় কার্যাবলী সম্পাদন করবে।

**শহর এলাকা:**

সমাজসেবা অফিসার (পৌরসভার বা সিটি কর্পোরেশন ক্ষেত্রে) প্রাপ্ত আবেদনসমূহের তালিকা প্রয়োজনীয় তথ্য-উপাত্তসহ সংশ্লিষ্ট কমিটিতে উপস্থাপন করবে। কমিটি যাচাই-বাছাইপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দ অনুযায়ী প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদানের জন্য চূড়ান্ত তালিকা ও অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা প্রণয়ন করবে। একইসাথে বাতিলকৃত আবেদনসমূহের তালিকা প্রস্তুত করে বাতিলের কারণ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

**বাছাই পদ্ধতির ফ্লো-চার্ট**




**১৩. MIS-এ তথ্য সন্নিবেশন:**

(ক) সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার অনুমোদিত চূড়ান্ত তালিকা অনুযায়ী সুবিধাভোগীদের তথ্য এমআইএস (MIS) এ সন্নিবেশ করবেন। সন্নিবেশিত তথ্য নিয়মিত হালনাগাদ করবেন;

(খ) সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনের তালিকার সফটকপি এবং হার্ডকপি সংরক্ষণ করবেন;

(গ) সমাজসেবা অফিসার চূড়ান্তভাবে নির্বাচিত সুবিধাভোগীর অনুকূলে প্রয়োজনীয় তথ্য সম্বলিত কার্ড ইস্যু করবেন এবং কার্ড বিতরণ সংক্রান্ত রেজিস্টারে সংরক্ষণ করবেন।

**১৪. নির্ধারিত সময়সীমা:**

| ক্রম | **বিবরণ** | সময়সীমা |
|---|---|---|
| ১ | প্রচার-প্রচারণা | ০১ জুলাই থেকে ৩১ জুলাই |
| ২ | আবেদন গ্রহণ | ০১ আগস্ট থেকে ৩১ আগস্ট |
| ৩ | উপজেলার ক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রাপ্ত আবেদন ইউনিয়ন কমিটির নিকট প্রেরণ এবং পৌরসভা/ সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সমাজসেবা অফিসার কর্তৃক প্রাপ্ত আবেদন পৌরসভা/ সিটি কর্পোরেশন কমিটিতে প্রেরণ | ০১ সেপ্টেম্বর থেকে ১০ সেপ্টেম্বর |
| ৪ | ইউনিয়ন কমিটি কর্তৃক সুপারিশসহ তালিকা উপজেলা কমিটির নিকট প্রেরণ | ১১ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর |
| ৫ | উপজেলা বা পৌরসভা বা মহানগর কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন | ০১ অক্টোবর থেকে ৩০ অক্টোবর |

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

**১৫. শিক্ষা উপবৃত্তি স্থানান্তর ও স্তর পরিবর্তন:**

(ক) প্রতিবন্ধী শিক্ষার্থীগণ বর্ষপঞ্জি অনুযায়ী স্তর পরিবর্তন করলেও আর্থিক সহায়তা অর্থবছরভিত্তিক (জুলাই-জুন) প্রাপ্য হবেন;

(খ) কোনো প্রতিবন্ধী শিক্ষার্থীর একই অধিক্ষেত্রের মধ্যে প্রতিষ্ঠান পরিবর্তন হলে, শুধুমাত্র তথ্য হালনাগাদ করতে হবে। তবে, স্তর পরিবর্তন হলে শিক্ষা উপবৃত্তির সহায়তার অংশ সমন্বয়পূর্বক তথ্য হালনাগাদ করতে হবে;

(গ) কোনো প্রতিবন্ধী শিক্ষার্থী অধিক্ষেত্র পরিবর্তন হলে শিক্ষার্থীর অনুকূলে সুবিধাভোগীর সংখ্যা এবং আর্থিক বরাদ্দ স্থানান্তরপূর্বক সংশ্লিষ্ট এলাকা হতে একই নিয়মে সহায়তা প্রাপ্য হবেন।

**১৬. যে কারণে ভাতা ও শিক্ষা উপবৃত্তি বাতিল করা যাবে:**

(ক) কোনো সুবিধাভোগী নিরুদ্দেশ হলে এবং ১ (এক) বছরের মধ্যে প্রত্যাবর্তন না করলে;

(খ) যুক্তিসংগত কারণ ব্যতীত কোনো শিক্ষার্থী একটানা ৬(ছয়) মাস ক্লাসে অনুপস্থিত থাকলে এবং চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে;

(গ) পরিবারের কোন সদস্যের বাল্যবিবাহ হলে;

(ঘ) সুবিধা গ্রহণে অনিচ্ছুক হলে বা মৃত্যুবরণ করলে;


(ঙ) কোনো প্রকার মিথ্যা তথ্য প্রদান করলে এবং তা প্রমাণিত হলে;

(চ) কোন প্রতিবন্ধীব্যক্তির প্রতিবন্ধিতার উত্তরণ ঘটলে।

**১৭. পরিশোধ পদ্ধতি:**

প্রতিবন্ধীব্যক্তির আর্থিক সহায়তা কার্যক্রম নিম্নবর্ণিত পেমেন্ট ফ্লো-চার্ট অনুসরণপূর্বক ডিজিটাল পদ্ধতিতে সম্পাদিত হবে।

**পরিশোধ পদ্ধতি ফ্লো-চার্ট**




**ফ্লো-চার্টের বিবরণ:**

(ক) সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার কর্তৃক পে-রোল প্রস্তুতপূর্বক MIS-এর মাধ্যমে সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ;

(খ) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক যাচাইপূর্বক পেরোল অনুমোদন ও অর্থবিভাগের আইবাস সিস্টেমে প্রেরণ;

(গ) অর্থ বিভাগ কর্তৃক প্রাপ্ত সুবিধাভোগীর তথ্য যাচাইপূর্বক ই-বিল দাখিলের জন্য ডিডিও বরাবর প্রেরণ;

(ঘ) ডিডিও কর্তৃক ই-বিল প্রস্তুতপূর্বক চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ;

(ঙ) সিএএফও কর্তৃক ই-বিল পাশ এবং EFT প্রেরণের নিমিত্ত এডভাইসসহ বাংলাদেশ ব্যাংক-এ প্রেরণ;

(চ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের সেটেলমেন্ট একাউন্ট ব্যবহার করে সুবিধাভোগীর হিসাবে অর্থ প্রেরণ।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**১৮. সুবিধাভোগীর অর্থ নগদায়ন:**

(ক) সুবিধাভোগীগণ তাদের হিসাবে ইলেকট্রনিক উপায়ে (EFT এর মাধ্যমে) জমাকৃত অর্থ সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের যে কোনো শাখা বা এজেন্ট পয়েন্ট হতে উত্তোলন করতে পারবেন;

(খ) অক্ষমতাজনিত কারণে সুবিধাভোগী পেমেন্ট পয়েন্টে উপস্থিত হয়ে অর্থ উত্তোলন করতে অসমর্থ হলে, সমাজসেবা অফিসার তাদের একটি তালিকা সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন। সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান কর্তৃপক্ষ স্বল্পতম সময়ের মধ্যে তালিকাভুক্ত অক্ষম সুবিধাভোগীর আর্থিক সহায়তা তাদের বাসস্থানে সরেজমিন উপস্থিত হয়ে যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন;

(গ) সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তর Application Programing Interface (API) এর মাধ্যমে MIS-এর সাথে অর্থ বিভাগ ও সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন করবে। সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান প্রত্যেক কিস্তি শেষে কিংবা সমাজসেবা অধিদপ্তরের চাহিদা মোতাবেক অর্থ বিতরণ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবে;

(ঘ) সহায়তার অর্থ গ্রহণের ক্ষেত্রে সুবিধাভোগীগণ তাদের পছন্দমতো আর্থিক প্রতিষ্ঠান নির্ধারণ করতে পারবেন;

(ঙ) কোনো কারণে সুবিধাভোগীর হিসাবে প্রেরিত অর্থ প্রদান করা সম্ভব না হলে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ আর্থিক বিধি বিধান অনুসরণপূর্বক উক্ত অর্থ সরকারি কোষাগারে ফেরত প্রদান নিশ্চিত করে সমাজসেবা অধিদপ্তরকে অবহিত করবে;

(চ) সরকার উপযুক্ত মনে করলে অর্থ পরিশোধের জন্য নতুন উদ্ভাবিত যে কোনো পদ্ধতি গ্রহণ ও পরিবর্তন করতে পারবে;

(ছ) অর্থবছরের সর্বশেষ ইলেকট্রনিক বিল নির্ধারিত তারিখের মধ্যে অর্থ বিভাগ দাখিল করবে।

**১৯. প্রতিস্থাপন পদ্ধতি:**

(ক) সুবিধাভোগী কোনো পেমেন্ট পিরিয়ড (কিস্তি)-এ মৃত্যুবরণ করলে, কেবলমাত্র উক্ত সময়ের অর্থ নমিনী প্রাপ্য হবেন। এক্ষেত্রে পূর্বেই মনোনীতব্যক্তি/নমিনির তথ্য সংশ্লিষ্ট MIS এ থাকতে হবে। ওয়ারিশ হিসেবে অন্য কোনো ব্যক্তি এ সহায়তা দাবী করতে পারবেন না;

(খ) মৃত্যুজনিত কারণসহ অনুচ্ছেদ-১৬ অনুযায়ী বাতিলকৃত সুবিধাভোগীর পরিবর্তে অনুমোদিত অপেক্ষমাণ তালিকার অগ্রাধিকার ক্রমানুসারে প্রতিস্থাপন করতে হবে এবং পরবর্তী কিস্তি থেকে প্রতিস্থাপিত ব্যক্তি এ সহায়তা প্রাপ্য হবেন। প্রতিস্থাপন সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

**২০. হিসাব নম্বর পরিবর্তন:**

সুবিধাভোগী যৌক্তিক কারণ ব্যতীত হিসাব নম্বর পরিবর্তন করতে পারবেন না। প্রযোজ্য ক্ষেত্রে সুবিধাভোগীকে সমাজসেবা অফিসার বরাবর হিসাব নম্বর পরিবর্তনের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট কিস্তির পে-রোল প্রেরণের নির্ধারিত সময়ের পূর্বেই হিসাব নম্বর পরিবর্তন নিশ্চিত করতে হবে। পে-রোল প্রেরণের পরে কোনো ক্রমেই হিসাব নম্বর পরিবর্তন করা যাবে না। পরিবর্তিত হিসাব নম্বরের তালিকা উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।

**২১. তথ্য-উপাত্ত ও সুবিধাভোগীর সংখ্যা সংরক্ষণ:**

**তথ্য-উপাত্ত:**

(ক) সমাজসেবা কার্যালয় সুবিধাভোগীদের সকল তালিকা অডিট কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত Hard ও Soft কপি সংরক্ষণ করবে;

(খ) সিটি কর্পোরেশন বা পৌরসভা এর স্থায়ী আবাস পরিবর্তনকারী প্রার্থীর ক্ষেত্রে অন্তত: ০১ (এক) বছর উক্ত এলাকায় স্থায়ীভাবে বসবাস করছেন মর্মে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর বা মেয়র কর্তৃক প্রত্যয়নপত্র সংরক্ষণ করতে হবে;

(গ) কোনো ইউনিয়ন বা পৌরসভা বা উপজেলা বা সিটি কর্পোরেশনের জন্য নির্ধারিত কোটা ঐ এলাকায় বসবাসকারী প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন প্রার্থী দ্বারা পূরণ করা সম্ভব না হলে, পার্শ্ববর্তী ইউনিয়ন/ উপজেলা বা পৌরসভা বা সিটি কর্পোরেশন যেখানে অধিকসংখ্যক সুবিধা প্রাপ্তির যোগ্যতা সম্পন্ন ব্যক্তি রয়েছে, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে উপজেলাধীন ইউনিয়ন বা পৌরসভায় এবং জেলা সমন্বয় কমিটির অনুমোদনক্রমে জেলাধীন অন্য উপজেলা বা পৌরসভা বা সিটি কর্পোরেশন এলাকায় স্থানান্তর করা যাবে। জেলার আওতাধীন মোট বরাদ্দ সমন্বয় করা সম্ভব না হলে অধিদপ্তরকে অবহিত করবে। সমাজসেবা অধিদপ্তর বরাদ্দ সংশোধনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(ঘ) প্রাপ্ত বরাদ্দ, ব্যয়, অব্যয়িত অর্থ এবং অতিরিক্ত ও প্রতিস্থাপিত সুবিধাভোগী সংক্রান্ত সমন্বিত বার্ষিক প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

**সুবিধাভোগীর সংখ্যা সংরক্ষণ:**

(ক) আবেদনের আনুপাতিক হারে ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন এর সুবিধাভোগীর সংখ্যা নির্ধারণ করতে হবে;

(খ) বিশেষ বিবেচনায়/প্রাকৃতিক দূর্যোগ/সরকার কর্তৃক ঘোষিত বিশেষ এলাকা অর্থাৎ দরিদ্র ও পশ্চাৎপদ এলাকার (চর/পাহাড়ী/দুর্যোগ প্রবণ/উপকূলীয় ও দূর্গম এলাকা) জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাদ্দ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

**২২. ইউনিয়ন কমিটি:**

**কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ | সভাপতি |
| ২. | স্থানীয় মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৩. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৫. | উপজেলা শিক্ষা অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৭. | সকল সাধারণ সদস্য ও সংরক্ষিত আসনের মহিলা সদস্য, ইউনিয়ন পরিষদ | সদস্য |
| ৮. | ইউনিয়ন সমাজকর্মী | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন আবেদনগ্রহণের জন্য প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) উপজেলা সমাজসেবা কার্যালয় হতে প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালার আলোকে যাচাই-বাছাইকরণ;

(গ) নির্ধারিত সময়ের মধ্যে তথ্য-উপাত্তসহ যোগ্য ও অযোগ্য আবেদনকারীর তালিকা প্রস্তুত;

(ঘ) প্রস্তুতকৃত তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটির নিকট প্রেরণ;

**বি: দ্র:** (১) কমিটির এক তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলেই কমিটির কোরাম পূর্ণ হবে।
(২) প্রতি ৩ (তিন) মাসে অন্যূন একটি সভা আহবান করতে হবে।

**২৩. উপজেলা কমিটি:**

**কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সভাপতি |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | সহ সভাপতি |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৪. | অফিসার ইনচার্জ (সংশ্লিষ্ট থানা) | সদস্য |
| ৫. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮. | চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ | সদস্য |
| ৯. | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য-সচিব |

স্থানীয় মাননীয় সংসদ সদস্য কমিটির উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় উপদেশ প্রদান করবেন।

**কমিটির কর্মপরিধি:**

(ক) উপজেলা কমিটি ইউনিয়ন কমিটি থেকে প্রাপ্ততালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাই;

(খ) বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) প্রণয়ন;

(গ) অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) প্রণয়ন;

(ঘ) বাতিলকৃত আবেদনসমূহের তালিকা প্রস্তুতকরে সংশ্লিষ্ট সকলকে বাতিলের কারণ অবহিতকরণ;

**বি:দ্র:** (১) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।
(২) কমিটির এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।
(৩) প্রতি ৩ (তিন) মাসে অন্যূন একটি সভা আহবান করতে হবে।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

২৪. **পৌরসভা কমিটি (সকল পৌরসভার জন্য):**

**কমিটির রূপরেখা**

| | | |
|---|---|---|
| ১. | মেয়র, জেলা/উপজেলা পর্যায়ের পৌরসভা | সভাপতি |
| ২. | অতিরিক্ত জেলা প্রশাসক বা জেলা প্রশাসক কর্তৃক মনোনীত প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌরসভার ক্ষেত্রে)/ উপজেলা নির্বাহী অফিসার অথবা তাঁর প্রতিনিধি (উপজেলা পর্যায়ের পৌরসভার ক্ষেত্রে) | সহ সভাপতি |
| ৩. | স্থানীয় মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি ১ জন | সদস্য |
| ৪. | সিভিল সার্জনের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | সদস্য |
| ৫. | জেলা শিক্ষা কর্মকর্তা (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | সদস্য |
| ৬. | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ উপজেলা শিক্ষা কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | সদস্য |
| ৭. | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) | সদস্য |
| ৮. | কাউন্সিলর (সকল) | সদস্য |
| ৯. | সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার | সদস্য সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) পৌরসভা কমিটি অনলাইন থেকে প্রাপ্ততালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাই;
(খ) বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা প্রণয়ন (ভাতা ও শিক্ষা উপবৃত্তি);
(গ) অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা প্রণয়ন (ভাতা ও শিক্ষা উপবৃত্তি);
(ঘ) বাতিলকৃত আবেদনসমূহের তালিকা প্রস্তুতকরে সংশ্লিষ্ট সকলকে বাতিলের কারণ অবহিতকরণ;

**বি:দ্র:** (১) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
(২) কমিটির এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।
(৩) প্রতি ৩ (তিন) মাসে অন্যূন একটি সভা আহবান করতে হবে।

২৫. **সিটি কর্পোরেশন কমিটি:**

**কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | প্রধান নির্বাহী কর্মকর্তা/ প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ২. | স্থানীয় মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৩. | মেয়রের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৪. | জেলা প্রশাসকের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণ | সদস্য |
| ৬. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৭. | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৯. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য |
| ১০. | সমাজসেবা অফিসার, সংশ্লিষ্ট শহর সমাজসেবা কার্যালয় | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) সিটি কর্পোরেশন কমিটি অনলাইন/সরাসরি থেকে প্রাপ্ততালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাই;
(খ) বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা প্রণয়ন (ভাতা ও শিক্ষা উপবৃত্তি);
(গ) অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা প্রণয়ন (ভাতা ও শিক্ষা উপবৃত্তি);
(ঘ) বাতিলকৃত আবেদনসমূহের তালিকা প্রস্তুতকরে সংশ্লিষ্ট সকলকে বাতিলের কারণ অবহিতকরণ;

**বি: দ্র:** (১)কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
(২) সিটি কর্পোরেশন এলাকার প্রতিটি শহর সমাজসেবা কার্যালয়ের জন্য পৃথক কমিটি থাকবে।
(৩) কমিটির এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।
(৪) প্রতি ৩ (তিন) মাসে অন্যূন একটি সভা আহবান করতে হবে।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

২৬. **জেলা সমন্বয় কমিটি:**

**কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক/পার্বত্য জেলার ক্ষেত্রে জেলা পরিষদের চেয়ারম্যান | সভাপতি |
| ২. | পার্বত্য জেলার ক্ষেত্রে জেলা প্রশাসকের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ৩. | জেলার সকল মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি ১ (এক) জন করে | সদস্য |
| ৪. | মেয়রের প্রতিনিধি (সিটি কর্পোরেশনভুক্ত জেলা) | সদস্য |
| ৫. | মেয়র (সিটি কর্পোরেশন বহির্ভূত জেলা পর্যায়ের পৌরসভা) | সদস্য |
| ৬. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) | সদস্য |
| ৭. | সিভিল সার্জন | সদস্য |
| ৮. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৯. | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ১১. | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১২. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) জেলার আওতাধীন উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশন এর প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়নের সার্বিক তত্ত্বাবধান;

(খ) প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে উদ্ভূত সমস্যা সমাধান;

(গ) প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম পরিদর্শন/মনিটরিং এবং জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট সুপারিশ প্রেরণ;

(ঘ) উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশন এর প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে আপত্তি মীমাংসার জন্য অ্যাপিলেট বডি হিসেবে দায়িত্ব পালন;

**বি: দ্র:** (১) স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং সংরক্ষিত আসনের সংশ্লিষ্ট মহিলা সংসদ সদস্য উপদেষ্টা হিসেবে উপদেশ প্রদান করবেন;

(২) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

(৩) কমিটির এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে;

(৪) প্রতি ৪ (চার) মাসে অন্যূন একটি সভা আহবান করতে হবে।

২৭. **জাতীয় স্টিয়ারিং কমিটি:**

**কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | সিনিয়র সচিব/ সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব, সংশ্লিষ্ট অনুবিভাগের প্রধান, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | সদস্য |
| ৫. | প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালকের নীচে নয়) | সদস্য |
| ৬. | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ৭. | মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ৮. | স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ৯. | স্বাস্থ্য ও সেবা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ১০. | শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ১১. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ১২. | যুগ্মসচিব (কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদান কার্যক্রম এর অগ্রগতি পর্যালোচনা;

(খ) উচ্চ পর্যায়ের সমন্বয় ও সুপারিশমালা প্রণয়ন;

(গ) পরিদর্শন, পরীবিক্ষণ ও মূল্যায়ন;

(ঘ) প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদান কার্যক্রম বাস্তবায়নকালে উদ্ভূত চ্যালেঞ্জসমূহ নিরসনে পরামর্শ ও নির্দেশনা প্রদান;

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

**বি: দ্র:** (১) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;
(২) বছরে অন্যূন ২(দুই) বার সভা আহবান করতে হবে।

**২৮. পরিবীক্ষণ ও মূল্যায়ণ:**

(ক) জাতীয় পর্যায়ে একটি কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে পরিচালনার জন্য পরিবীক্ষণ ও তত্ত্বাবধানের গুরুত্ব অপরিসীম। "সামাজিক নিরাপত্তা বলয়" সুদৃঢ়করণে প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের প্রভাব, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, পরবর্তী পরিকল্পনা/কর্মসূচি গ্রহণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরে একটি শক্তিশালী যুগোপযোগী পরিবীক্ষণ ও তত্ত্বাবধান সেল থাকবে।

(খ) উপজেলা/শহর সমাজসেবা অফিসারগণ প্রতিমাসে নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালকগণের নিকট প্রেরণ করবেন। জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালকগণ প্রতি মাসের নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত প্রতিবেদনসমূহ সমন্বয় করে সমাজসেবা অধিদফতরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবেন।

(গ) উপপরিচালক ও উপজেলা/শহর সমাজসেবা অফিসারদের পাশাপাশি জেলা সমন্বয় কমিটি এ কার্যক্রমের সার্বিক বিষয়াদি পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন। সদর কার্যালয়ে গঠিত মনিটরিং সেলে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ কর্তৃপক্ষের নির্দেশক্রমে নিয়মিতভাবে উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় পরিচালিত এ কার্যক্রম পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন।

(ঘ) সরকারী/বেসরকারি পর্যায়ে গবেষণামূলক প্রতিষ্ঠানকে প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদান কার্যক্রম এর সার্বিক মূল্যায়নের দায়িত্ব প্রদান করা যাবে।

**২৯. কমিটি'র নির্দেশনা বাস্তবায়ন:**

প্রতিবছর প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি, মূল্যায়ন এবং বাজেট নির্ধারণের বিষয়ে ইতোপূর্বে গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটি এবং সামাজিক নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক সময় সময় প্রদত্ত পরামর্শ/ দিকনির্দেশনা অনুসরণ করতে হবে।

**৩০.** সরকার সময়ে সময়ে প্রয়োজনের নিরিখে নির্দেশনা জারির মাধ্যমে এ নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে। ইতোপূর্বে জারিকৃত প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, ২০১৩ বাতিল বলে গণ্য হবে। তবে উক্ত নীতিমালাধীনে গৃহীত ব্যবস্থা বলবৎ থাকবে।

**৩১.** এ নীতিমালার বিষয়ে কোনো প্রশ্ন বা সংশয় দেখা দিলে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪/০৭/২৫

(ড. মোঃ মহিউদ্দিন)
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

মোঃ বরকতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সমাজকল্যাণ মন্ত্রণালয়

## প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি মঞ্জুরীর আবেদনপত্র
## প্রথম অংশ

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

বরাবর,
সমাজসেবা অফিসার
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়
.........................................

**বিষয়: প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি মঞ্জুরীর জন্য আবেদন।**

মহোদয়
আমি একজন প্রতিবন্ধী ব্যক্তি/শিক্ষার্থী। আমি সরকার কর্তৃক ঘোষিত মাসিক .................... টাকা হারে প্রতিবন্ধী ভাতা/শিক্ষা উপবৃত্তি ভাতা প্রাপ্তির জন্য আবেদন করছি। আমার প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় বিবেচনার জন্য উপস্থাপন করলাম:

১. আবেদনকারীর নাম : (ক) বাংলায়: ...........................................................................................
(খ) ইংরেজি: ...........................................................................................
২. পিতা/স্বামীর নাম: (ক) বাংলায়: ...........................................................................................
(খ) ইংরেজি: ...........................................................................................
৩. মাতার নাম: (ক) বাংলায়: ...........................................................................................
(খ) ইংরেজি: ...........................................................................................
৪. জাতীয় পরিচয়পত্র: ...........................................................................................
৫. জন্ম নিবন্ধন নম্বর: ...........................................................................................
৬. জন্ম তারিখ: ........................................................................ ৭. ধর্ম: ........................................................
৮. লিঙ্গ: ........................................................................ ৯. পেশা : ........................................................
১০. মোবাইল নম্বর: ...........................................................................................
প্রতিবন্ধী ভাতা/শিক্ষা উপবৃত্তি অনুযায়ী বিস্তারিত তথ্য:
১১. সুবর্ণ নাগরিক কার্ড নম্বর (ডিআইএস): ...........................................................................................
১২. প্রতিবন্ধিতার ধরণের নাম (ডিআইএস অনুযায়ী):........................... ১৩. প্রতিবন্ধিতার ধরণ কোড: ......................
১৪. প্রতিবন্ধিতার মাত্রা : ........................................... ১৫. বৈবাহিক অবস্থা: ...............................................
১৬. শিক্ষাগত যোগ্যতা/লেভেল: ...........................................................................................
১৭. পরিবারের সংখ্যা: (ক) পুরুষ: ........................ (খ) মহিলা: ..................... (গ) হিজড়া: ............................
১৮. স্বাস্থ্য/কর্মক্ষমতা সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে টিক √ চিহ্ন দিন:
☐ সম্পূর্ণ কর্মক্ষমতাহীন ☐ অসুস্থ ☐ অপ্রকৃতিস্থ ☐ আংশিক কর্মক্ষমতাহীন
১৯. সরকারি/বেসরকারি সুবিধাপ্রাপ্তির বিবরণ (টিক √ চিহ্ন দিন): (ক) হ্যাঁ (খ) না
২০. বাসস্থানের বিবরণ (কয় কক্ষ বিশিষ্ট): ...........................................................................................
২১. ভূমি মালিকানা (নিজস্ব কি না?): ...........................................................................................

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

২২. ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে টিক √ চিহ্ন দিন):

(ক) বর্তমান:
বিভাগ: ...........................................................
জেলা/সিটি কর্পোরেশন (টিক চিহ্ন দিন): ......................
উপজেলা/পৌরসভা (টিক চিহ্ন দিন): ..........................
ইউনিয়ন: ........................................................
গ্রাম/ওয়ার্ড/সেকশন/ব্লক (টিক চিহ্ন দিন): ..................
রোড নং (প্রযোজ্য ক্ষেত্রে): ...................................
বাড়ি নং (প্রযোজ্য ক্ষেত্রে): ...................................
ফ্লাট নং (প্রযোজ্য ক্ষেত্রে): ...................................
পোস্ট কোড: .....................................................
ইমেইল: ..........................................................

(খ) স্থায়ী:
বিভাগ: ................................................
জেলা/সিটি কর্পোরেশন (টিক চিহ্ন দিন):...............
উপজেলা/পৌরসভা (টিক চিহ্ন দিন): ..................
ইউনিয়ন: ..............................................
গ্রাম/ওয়ার্ড/সেকশন/ব্লক (টিক চিহ্ন দিন): ...........
রোড নং (প্রযোজ্য ক্ষেত্রে): .............................
বাড়ি নং (প্রযোজ্য ক্ষেত্রে): .............................
ফ্লাট নং (প্রযোজ্য ক্ষেত্রে): .............................
পোস্ট কোড: ...............................................
ইমেইল: ..................................................

২৪. অন্যান্য যোগ্যতা সম্পর্কিত তথ্য:

(ক) আবেদনকারীর অভিভাবকের নাম: ................................................ সম্পর্ক:....................................

(খ) বাসগৃহটি আপনার নিজস্ব কি না?...............................................

(গ) সন্তান/সন্তানাদির সংখ্যা: ...................................

(ঘ) অভিভাবকের সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা:........................................

(ঙ) অভিভাবকের পেশা:..................................................................

২৫. আমার শারীরিক অক্ষমতাজনিত কারণে প্রতিবন্ধী ভাতা/শিক্ষা উপবৃত্তি গ্রহণের জন্য সশরীরে উপস্থিত হওয়া সম্ভব নয়। তাই আমার প্রতিবন্ধী ভাতা/শিক্ষা উপবৃত্তি গ্রহণের জন্য নিম্নবর্ণিত ব্যক্তিকে মনোনয়ন প্রদান করলাম। এছাড়াও মৃত্যুর পর নিম্নে উল্লিখিত ব্যক্তিকে পূর্বের বকেয়া (যদি থাকে) উত্তোলনের জন্য মনোনীত করা হলো:

| মনোনীত ব্যক্তির নাম ও ঠিকানা | সুবিধাভোগীর সাথে সম্পর্ক | মনোনীত ব্যক্তির নমুনা স্বাক্ষর/টিপসহি | প্রতিবন্ধী সুবিধাভোগীর প্রতিস্বাক্ষর/টিপসহি | নমিনীর সত্যায়িত ছবি |
|---|---|---|---|---|
| | | | | |

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি: ................................

আবেদনকারীর নাম: .............................................

শনাক্তকারী ইউনিয়ন সমাজকর্মীর স্বাক্ষর: ...................

(নামসহ সীল) ...............................................

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

## দ্বিতীয় অংশ

২৬. আবেদনকারীর বর্ণনা সঠিক/সঠিক নয়। তিনি প্রতিবন্ধী ভাতা/শিক্ষা উপবৃত্তি প্রাপ্তির যোগ্য/অযোগ্য। তাঁকে প্রতিবন্ধী ভাতা/শিক্ষা উপবৃত্তি প্রদান করা যেতে পারে/পারে না।

ইউপি সদস্য/চেয়ারম্যান/পৌরসভা/
সিটি কর্পোরেশনের কাউন্সিলরের
স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

মঞ্জুরকারী কর্তৃপক্ষ/সমাজসেবা কর্মকর্তার
স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

পরিশিষ্ট- খ

## ইউনিয়ন কমিটি কর্তৃক যাচাই-বাছাইকৃত যোগ্য আবেদনকারীদের প্রাথমিক তালিকা

জেলা :
উপজেলা :
ইউনিয়ন :
ওয়ার্ড :

| ক্রম | সুবিধাভোগীর নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | গ্রাম/মহল্লার নাম | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বর | জন্ম তারিখ | মোবাইল নং | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |

ভাতা বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

ভাতা বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

পরিশিষ্ট- গ

## ইউনিয়ন কমিটি কর্তৃক যাচাই-বাছাইকৃত অযোগ্য আবেদনকারীদের তালিকা

জেলা :
উপজেলা :
ইউনিয়ন :
ওয়ার্ড :

| ক্রম | সুবিধাভোগীর নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | গ্রাম/মহল্লার নাম | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বর | জন্ম তারিখ | মোবাইল নং | অযোগ্যতার কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |

ভাতা বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

ভাতা বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

**পরিশিষ্ট- ঘ**

## উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত চূড়ান্ত তালিকা

জেলা :
উপজেলা :
ইউনিয়ন :
ওয়ার্ড :

| ক্রম | সুবিধাভোগীর নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | গ্রাম/মহল্লার নাম | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বর | জন্ম তারিখ | মোবাইল নং | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |

**পরিশিষ্ট- ঙ**

## উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত অপেক্ষমান তালিকা

জেলা :
উপজেলা :
ইউনিয়ন :
ওয়ার্ড :

| ক্রম | সুবিধাভোগীর নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | গ্রাম/মহল্লার নাম | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বর | জন্ম তারিখ | মোবাইল নং | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |

ভাতা বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

ভাতা বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

**পরিশিষ্ট- চ**

## উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাইকৃত অনুপযুক্ত/বাতিলকৃত আবেদনকারীদের তালিকা

জেলা :
উপজেলা/থানা :
ইউনিয়ন :
ওয়ার্ড :

| ক্রম | সুবিধাভোগীর নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | গ্রাম/মহল্লার নাম | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বর | জন্ম তারিখ | মোবাইল নং | অনুপযুক্ত/ বাতিলের কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |

ভাতা বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

ভাতা বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

**পরিশিষ্ট- ছ**

## পৌরসভা/সিটি কর্পোরেশন কমিটি কর্তৃক অনুমোদিত চূড়ান্ত তালিকা

জেলা :
উপজেলা/থানা :
পৌরসভা/সিটি কর্পোরেশন :
ওয়ার্ড :

| ক্রম | সুবিধাভোগীর নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | গ্রাম/মহল্লার নাম | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বর | জন্ম তারিখ | মোবাইল নং | অনুপযুক্ত/ বাতিলের কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |

ভাতা বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

ভাতা বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

পরিশিষ্ট- জ

## পৌরসভা/সিটি কর্পোরেশন কমিটি কর্তৃক অনুমোদিত অপেক্ষমান তালিকা

জেলা :
উপজেলা/থানা :
পৌরসভা/সিটি কর্পোরেশন :
ওয়ার্ড :

| ক্রম | সুবিধাভোগীর নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | গ্রাম/মহল্লার নাম | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বর | জন্ম তারিখ | মোবাইল নং | অনুপযুক্ত/ বাতিলের কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |

ভাতা বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

ভাতা বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

পরিশিষ্ট- ঝ

## পৌরসভা/সিটি কর্পোরেশন কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক অনুপযুক্ত/বাতিলকৃত আবেদনের তালিকা

জেলা :
উপজেলা/থানা :
পৌরসভা/সিটি কর্পোরেশন :
ওয়ার্ড :

| ক্রম | সুবিধাভোগীর নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | গ্রাম/মহল্লার নাম | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বর | জন্ম তারিখ | মোবাইল নং | অনুপযুক্ত/ বাতিলের কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |

ভাতা বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

ভাতা বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

**পরিশিষ্ট- ঞ**

## প্রতিবন্ধী সুবিধাভোগীর কার্ড

কার্ড নম্বর (এমআইএস নম্বর)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়

ছবি

.............................................................................

প্রতিবন্ধী ব্যক্তি/শিক্ষার্থীর কার্ড

সুবিধাভোগীর নাম:
মাতার নাম:
পিতা/স্বামী'র নাম:
জাতীয় পরিচয়পত্র নম্বর:
জন্ম তারিখ:
সুবর্ণ নাগরিক নম্বর:
মোবাইল নম্বর:
ঠিকানা: গ্রাম/মহল্লা
ওয়ার্ড নং:
ইউনিয়ন/ পৌরসভা/সিটি কর্পোরেশন:
ইস্যুর তারিখ:

সুবিধাভোগীর স্বাক্ষর/টিপসই          কর্তৃপক্ষের স্বাক্ষর (নামসহ সীল)

Government of the People's Republic of Bangladesh
Department of Social Services,
Ministry of Social Welfare
Social Services Office (Upazila/UCD)
.............................................................................
ID Card for the allowance for Person/ student with Disabilities

Beneficiarie's Name:
Mother's Name:
Father/Husband's Name:
NID NO:
Date of Birth:
Golden Citizen Number:
Mobile Number:
Address: Vill/Moholla
Ward No:
Union/Municipality:

(01) 0 9501101 63000 3 (17) 140701 (10) AB-123

এ পরিচয় পত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। সত্ত্বাধিকারী ব্যতীত এ পরিচয়পত্র অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ সমাজসেবা অফিস/থানায় জমা দেওয়া জন্য অনুরোধ করা হলো।

**পরিশিষ্ট- ট**

## প্রতিবন্ধী সুবিধাভোগীদের কার্ড বিতরণ রেজিস্ট্রার

জেলা :
উপজেলা/থানা :
ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন :

| ক্রম | সুবিধাভোগীর MIS আইডি | সুবিধা ভোগীর নাম | মাতার নাম | পিতা/ স্বামীর নাম | গ্রাম/ মহল্লার নাম/ বাড়ী নম্বর | ওয়ার্ড নম্বর | জাতীয় পরিচিতি নম্বর | সুবর্ণ নাগরিক নম্বর | জন্ম তারিখ | মোবাইল নম্বর | ভাতা পরিশোধ বহি / কার্ড নম্বর | ভাতা পরিশোধ বহি / কার্ড ইস্যুর তারিখ | কার্ড গ্রহণকারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সচিবালয়, ঢাকা।



CamScanner

সহকারী সমাজসেবা অফিসার/ পৌর সমাজকর্মীর স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

উপজেলা/শহর সমাজসেবা অফিসারর স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

**পরিশিষ্ট- ঠ**

## মোবাইল হিসাব নম্বর পরিবর্তনের আবেদন ফরম

বরাবর
সমাজসেবা অফিসার
উপজেলা/শহর সমাজসেবা অফিসার
..........................

বিষয়: মোবাইল হিসাব নম্বর পরিবর্তনের আবেদন।

আমি একজন প্রতিবন্ধী/শিক্ষা উপবৃত্তি সুবিধাভোগী। আমার বর্তমান মোবাইল হিসাব নম্বর পরিবর্তন করতে ইচ্ছুক। হিসাব নম্বর পরিবর্তনের জন্য তথ্যাদি নিম্নরুপ:

| | |
|---|---|
| সুবিধাভোগীর নাম: | |
| পিতা/স্বামীর নাম: | |
| সুবিধাভোগীর MIS নম্বর: | |
| জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বর: | |
| জন্ম তারিখ: | |
| বর্তমান মোবাইল হিসাব নম্বর: | |
| পরিবর্তিত মোবাইল হিসাব নম্বর | (বাংলা) |
| | (ইংরেজি) |
| মোবাইল হিসাব নম্বর পরিবর্তনের কারণ: | |

প্রত্যয়নকারী ইউনিয়ন চেয়্যারম্যান/সাধারণ সদস্য/
সংরক্ষিত সদস্য এর স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

আবেদনকারীর স্বাক্ষর/ টিপসহি
আবেদনকারীর নাম

**<u>সমাজসেবা অফিসের অংশ</u>**

অফিস রেকর্ড অনুযায়ী বর্ণিত আবেদনকারীর (উপকারভোগী) তথ্যাদি সঠিক পাওয়া যায়। তার MIS নম্বর সঠিক আছে। আবেদনকৃত মোবাইল হিসাব নম্বর পরিবর্তন করার জন্য সুপারিশ করছি।

সনাক্তকারী ইউনিয়ন/পৌর সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষকের
স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

সংশ্লিষ্ট সমাজসেবা অফিসারের স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

**পরিশিষ্ট- ড**

## পরিবর্তিত মোবাইল হিসাব নম্বরের তালিকা

জেলা :
উপজেলা/ থানা :
ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশন :

| ক্রম | কার্যক্রমের নাম | সুবিধাভোগীর MIS নম্বর | সুবিধাভোগীর নাম | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বর | বর্তমান মোবাইল হিসাব নম্বর | পরিবর্তিত মোবাইল হিসাব নম্বর | মোবাইল হিসাব নম্বর পরিবর্তনের কারণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |
| | | | | | | | |

সহকারী সমাজসেবা অফিসার/ ইউনিয়ন/পৌর সমাজকর্মীর
স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

উপজেলা/ শহর সমাজসেবা অফিসার এর
স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

**পরিশিষ্ট- ঢ**

## কিস্তিভিত্তিক প্রেরিত পে-রোল এর সুবিধাভোগীর তালিকা

অর্থবছর: কিস্তি: ১ম/ ২য় / ৩য়/ ৪র্থ (একটি বাদে বাকীগুলো কেটে দিন)
জেলা:
উপজেলা:
ইউনিয়ন/পৌরসভা সিটি কর্পোরেশন:
ওয়ার্ড:

| ক্রম | সুবিধাভোগীর MIS নম্বর | সুবিধাভোগীর নাম | জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন নম্বর | জন্ম তারিখ | ব্যাংক হিসাব নম্বর | টাকার পরিমাণ | পেমেন্ট সাইকেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |

সহকারী সমাজসেবা অফিসার/ পৌর সমাজকর্মীর স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

উপজেলা/ শহর সমাজসেবা অফিসারের স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

মোঃ বরকতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

ড. মোঃ মহিউদ্দিন
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner